

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ
ক্লাব রোড, বরিশাল
www.food.barisaldiv.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৫০.০০৩.১৮.৬২৭

১৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৯ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ১২০ (একশত বিশ) মে. টন চালের অভ্যন্তরীণ চলাচল সূচি জারীর পূর্বানুমোদন প্রদান

সূত্র: ১। খাদ্য অধিদপ্তর, ঢাকার ২৯/০২/২০২৪ খ্রি. তারিখের ২৮৮ নং স্মারক

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ভোলা কার্যালয়ের ২৮/০৩/২০২৪ খ্রি. তারিখের ৫৩৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দৌলতখান এলএসডিতে বর্তমানে বিতরণযোগ্য চালের মজুদ ২৩.১৭১ মে.টন। চলতি মার্চ/২০২৪ মাসে দৌলতখান এলএসডিতে বিডব্লিউবি খাতে ৭২.৬০০ মে. টন, টিসিবি খাতে ৩১.৩৪০ মে.টন ও অন্যান্য খাতে ৪০.০০০ মে. টনসহ সর্বমোট ১৪৩.৯৪০ মে.টন চাল বিলি-বিতরণ অবশিষ্ট রয়েছে। যে কারণে মজুদের অতিরিক্ত চালের প্রয়োজন (১৪৩.৯৪০ - ২৩.১৭১) বা ১২০.৭৬৯ মে. টন। উল্লেখ্য যে, সূত্রস্থ ১ নং স্মারকে দৌলতখান এলএসডি'র অনুকূলে ৬০০.০০০ মে. টন চালের উপসূচী জারী করা হলেও উক্ত সূচির চাল চলতি মাসের মধ্যে এলএসডিতে পৌঁছানোর সম্ভাবনা নেই। অপরদিকে, ভোলা সদর এলএসডিতে বিতরণযোগ্য চাল মজুত না থাকলেও এলএসডি ঘাটে আগত কার্গোতে ৫৬২ মে.টন বোরো/২৩ চাল খালাসের অপেক্ষায় রয়েছে। উক্ত এলএসডিতে চলতি মাসে চাল বিতরণ অবশিষ্ট রয়েছে ২৪৭ মে. টন (ভিজিডি ৭৫, টিসিবি ৮৭, ওএমএস ১৮, খাদ্যবান্ধব ১৭, জিআর ৫০)। ফলে ভোলা সদর এলএসডি ঘাটে অবস্থানরত কার্গো হতে ১২০.০০০ মে.টন চাল অভ্যন্তরীণ চলাচল সূচির মাধ্যমে দৌলতখান এলএসডিতে প্রেরণ করা হলে উক্ত এলএসডি'র মার্চ/২০২৪ মাসের জরুরী চাহিদা পূরণ করা সম্ভব হবে উল্লেখ করে ভোলা সদর এলএসডি ঘাটে অবস্থানরত কার্গো হতে ১২০.০০০ মে.টন চাল দৌলতখান এলএসডিতে প্রেরণের জন্য অভ্যন্তরীণ চলাচল সূচি জারীর পূর্বানুমোদন চেয়ে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ভোলা সূত্রস্থ ২ নং স্মারকে অনুরোধ জানিয়েছেন।

এক্ষণে, দৌলতখান উপজেলার মার্চ/২০২৪ মাসের জরুরী চাহিদা মেটানোর লক্ষ্যে ভোলা সদর এলএসডি ঘাটে খালাসের জন্য অপেক্ষমাণ জাহাজ/কার্গো হতে ১২০.০০০ মে. টন বোরো/২৩ সিদ্ধ চাল অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদারের মাধ্যমে দৌলতখান এলএসডিতে প্রেরণের নিমিত্ত বিধি মোতাবেক অভ্যন্তরীণ চলাচল সূচি জারীর পূর্বানুমোদন প্রদান করা হলো।

২৯-০৩-২০২৪

মোঃ জহিরুল ইসলাম

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

rcf.bsl@dgfood.gov.bd

জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), ভোলা।

স্মারক নম্বর:

১৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৯ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে:

১। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।



A handwritten signature in black ink, located in the upper right area of the page.

২৯-০৩-২০২৪
মোঃ জহিরুল ইসলাম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক